

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

## অতিরিক্ত সংখ্যা কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, অক্টোবর ১১, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
শাখা-৫

### প্রজ্ঞাপন

তারিখ, ২৬ আগস্ট ১৪১০বাঃ/১১ অক্টোবর ২০০৩ইং

এস, আর, ও নং-২৯৩ আইন/২০০৩—যেহেতু Essential Services (Second) Ordinance, 1958 (E.P.Ord. No. XLI of 1958), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লেখিত, এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্ৰ মন্ত্রণালয়ের ১৩-০৮-১৯৯৯ ইং তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও ৭৩-আইন/১৯-শ্রকম-৮/৮(২)/৯৯ দ্বারা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ এর সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রযোজ্য ঘোষণা করিয়াছে, যাহা পরবর্তীতে অনধিক ৬(ছয়) মাস মেয়াদে ৮(আট) বার বৃক্ষি করা হইয়াছে এবং সর্বশেষ বৃক্ষির মেয়াদ আগামী ১১-১০-২০০৩ ইং তারিখে শেষ হইবে; এবং

যেহেতু উক্ত বোর্ড ও কর্তৃপক্ষের সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রযোগের প্রয়োজনীয়তা এখনও বিদ্যমান;

সেহেতু, সরকার উক্ত Ordinance এর section 3 এর sub-section (2) এ প্রদত্ত ক্ষমতাবলে এই মর্মে ঘোষণা করিল যে, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ এর সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance আগামী ১২-১০-২০০৩ইং হইতে আরও ৬(ছয়) মাস প্রযোজ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
ইফতিখার আহমদ  
যুগ্ম-সচিব (শ্রম)।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(১০৫৪৭)

মূল্য : টাকা ১.০০